

# খানাপুরী - বুঝারত স্তরে ভূমি মালিকদের করণীয়

সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে সকল মৌজার মাঠ পর্যায়ের কিস্তোয়ার নক্সা তৈরীর কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে সে সকল মৌজার খানাপুরী-বুঝারত রেকর্ড প্রস্তুতের কাজ শিঘ্রই শুরু হবে। এ পর্যায়ে সম্মানিত ভূমি মালিকগণের করণীয় বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। স্ব স্ব ভূমি মালিকগণকে মালিকানা সম্পর্কিত নিম্নবর্ণিত দলিলাদিসহ খানাপুরী-বুঝারত ক্যাম্পে উপস্থিত থাকতে হবে।

➔ পূর্ববর্তী রেকর্ডীয় মালিক হলে বা তার ওয়ারিশদের ক্ষেত্রে আর, এস রেকর্ডের খতিয়ান, ওয়ারিশান সনদ, বন্টননামা দলিল, নামজারী, জমা- খারিজ (খাজনা-খারিজ), এবং জাতীয় পরিচয়পত্র।

➔ দলিলমূলে ক্রয়কৃত সম্পত্তির ক্ষেত্রে নিজ দলিলসহ আর, এস রেকর্ডের মালিক হতে ভায়া দলিল (ধারাবাহিক দলিল) নামজারী, জমা-খারিজ (খাজনা-খারিজ), ওয়ারিশ সনদ এবং জাতীয় পরিচয় পত্র।

➔ মামলায় রায়প্রাপ্ত জমির ক্ষেত্রে মামলার রায়ের কপি ও নামজারী জমা-খারিজ (খাজনা-খারিজ) এর কপি।

➔ কবুলিয়ত জমির ক্ষেত্রে কবুলিয়তের প্রস্তাবের অনুমোদিত কপি, কবুলিয়তের রেজিস্ট্রি দলিল, নামজারী, জমা-খারিজ (খাজনা-খারিজ) এর কপিসহ আনুষঙ্গিক কাগজপত্র।

খানাপুরী কাম বুঝারত কাজ চলাকালীন সময়ে কাগজপত্র সংগ্রহে নাই-এ অজুহাতে চলমান রেকর্ড প্রস্তুতের কার্যক্রম বন্ধ থাকবেনা। তাৎক্ষনিক প্রচলিত বিধি মোতাবেক রেকর্ড প্রস্তুত করা হবে।



জোনাল সেটেলমেন্ট অফিস  
পাবনা।